মেহেরপুরে যুগান্তরের ২৫ বছরে পদার্পনে আলোচনা সভা সম্মাননা প্রদান

মেহেরপুর জেলা প্রেস ক্লাব মিলনায়তনে আলোচনাসভা ও চারণ সাংবাদিককে সম্মাননা প্রদান করা হয়। যুগান্তর স্বজন সমাবেশ মেহেরপুর কমিটির উপদেষ্টা পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন সভাপতিত্ব করেন।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহবুব চান্দুর সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন জেলা পরিষদের চেয়ারম্যান মোহা. আব্দুস সালাম, যুগান্তর প্রতিনিধি তোজাম্মেল আযম, চারণ সাংবাদিক আব্দুস সালাম, ইউএনবি প্রতিনিধি ও মেহেরপুর প্রেস ক্লাবের সাবেক সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম, জেলা আইনজীবী সমিতির সাবেক সাধারণ সম্পাদক খ ম ইমতিয়াজ বিন হারুণ জুয়েল, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, জেলা শিল্পকলা একাডেমির সাবেক সাধারণ সম্পাদক আনোয়ারুল হক কালু, সাংস্কৃতিক ব্যক্তিত্ব শামীম জাহাঙ্গীর সেন্টু, গাংনী উপজেলা সমবায় অফিসার মাহাবুবুল হক মন্টু, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন প্রমুখ।

অনুষ্ঠানে সম্মাননা জানানো হয় দৈনিক সংবাদের সাবেক চারণ সাংবাদিক আব্দুস সালামকে। তাকে উত্তরীয় পরিয়ে দেন মেয়র রিটন। ক্রেস্ট তুলে দেন জেলা পরিষদের চেয়ারম্যান আব্দুস সালাম। এছাড়া চারন সাংবাদিক আব্দুস সালামকে উৎসর্গ করা যুগান্তর প্রতিনিধি তোজাম্মেল আযমের লেখা ‘মুজিবনগর: যুদ্ধজয়ের উপখ্যান’ বই ও পোষাক তুলে দেয়া হয়।

মেয়র রিটন বলেন- এখনও যুগান্তর নিরপেক্ষতা রেখে সংবাদ পরিবেশন করে আসছে। আগামীতেও এমনটা থাকার প্রত্যাশা করেন মেয়র।

জেলা পরিষদের চেয়ারম্যান আব্দুস সালাম বলেন- গত ২৪ বছরে জেলার ২৪ জন সম্মাননা পেয়েছেন। আগামীতে সম্মানীয়রা স¤মানীত হবেন যুগান্তরের মাধ্যমে। এ মেহেরপুরের বড় পাওয়া।

জেলা আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক খ, ম, ইমতিয়াজ বিন হারুণ জুয়েল তার বক্তব্যে বলেন- যুগান্তরসহ যেকোন সাংবাদিকের বিরুদ্ধে

কোন মামলা হলে তিনি ওই সাংবাদিককে কোন সম্মানীছাড়া আইনী সহায়তাসহ তার পাশে থাকবেন।

মেহেরপুরে যুগান্তর পত্রিকার ২৪ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

মেহেরপুরে যুগান্তর পত্রিকার ২ যুগে পদার্পণ করায় প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করা হয়।
সোমবার সকালে মেহেরপুর জেলা প্রেস ক্লাবে আলোচনা সভা ও একজন যুদ্ধ শিশুকে শুভেচ্ছা স্মারক প্রদানের মাধ্যমে জমকালো প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করে যুগান্তরের পাঠক সংগঠন স্বজন সমাবেশ।

গাংনী উপজেলা সমবায় অফিসার ও সাংস্কৃতিক কর্মী মাহবুবুল হক মন্টুর সঞ্চালনায় মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক স্বজন সমাবেশের সভাপতি আব্দুল্লাহ আল-আমিনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক ও পৌরসভার চেয়ারম্যান মাহফুজুর রহমান রিটন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক খ ম ইমতিয়াজ হারুন জুয়েল, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি ও দৈনিক যুগান্তর পত্রিকার সাংবাদিক তোজাম্মেল আযম, জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও দৈনিক ইত্তেফাক পত্রিকার সাংবাদিক মাহবুব চান্দু, কালের কন্ঠের সাংবাদিক ও মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, জেলা শিল্পকলা একাডেমির সাবেক সাধারণ সম্পাদক আনোয়ারুল হক কালু, সাংস্কৃতিক কর্মী শামিম জাহাঙ্গীর সেন্টু, জেলা প্রেস ক্লাবের কোষাধাক্ষ ও বাসসের সাংবাদিক দিলরুবা খাতুন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি এম এ লিংকন যুদ্ধ শিশু সেলিনা সেফি সহ বিভিন্ন অতিথি এবং সংবাদকর্মী উপস্থিত ছিলেন।

বাড়িতে গেছি তখনও বাপের পরিচয় উঠেছে। তখন বলেছে তোমার বাপ মায়ের পরিচয় নেই তোমরা ধর্ষিতা কন্যা স্বামীতে ভাত দেয়নি খুব কষ্টে দুটি সন্তানকে মানুষ করেছি।